

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
জেলা পরিষদ অধিশাখা

স্মারক নং-৪৬.০৪২.০১৪.৪৬.০২.১১০.২০১১(১)- ২০১২

তারিখঃ ২৫/১/২০১৬ খ্রিঃ।

বিষয় : জেলা পরিষদের কর্মকর্তা/কর্মচারী/পোষ্যদের চিকিৎসা খাত হতে ১.০০ লক্ষ (এক) লক্ষ টাকা অনুদান প্রদান।

- সূত্রঃ ১) বিনাইদহ জেলা পরিষদ কার্যালয়ের স্মারক নং- জেপবি/ব্যক্তি-১৩৮/১২/৩৭০, তারিখ-০৬/০১/২০১৫ খ্রিঃ।
২) বিনাইদহ জেলা পরিষদ কার্যালয়ের স্মারক নং- জেপবি/ব্যক্তি-১৩৮/১২/৪১৫/১, তারিখ-১৪/০৫/২০১৫ খ্রিঃ।
৩) জনপ্রশাসন মন্ত্রণালয়ের স্মারক নং-০৫.১২৩.০০২.০০.০০.০৫২.২০১৩.৪৮৬, তাং-১৭/১২/২০১৫ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে ২০১৪-২০১৫ অর্থ বছরের অনুমোদিত রাজস্ব বাজেটের সংস্থাপন ব্যয় খাতের ক্রমিক নং-৩১ এ উল্লিখিত জেলা পরিষদের কর্মকর্তা/কর্মচারী/পোষ্যদের চিকিৎসা অনুদান খাত হতে বিনাইদহ জেলা পরিষদে কর্মরত প্রধান নির্বাহী কর্মকর্তার কনিষ্ঠ কন্যা মাশিয়া নোশিন এর চিকিৎসার জন্য ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা অনুদান প্রদানের জন্য ১ ও ২ নং সূত্রোক্ত স্মারকে অনুরোধ জানানো হয়। বিনাইদহ জেলা পরিষদ হতে প্রাপ্ত আবেদনপত্র দুটি সুপারিশসহ জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করা হলে ৩নং সূত্রোক্ত স্মারকে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত নির্ধারিত আবেদন ফরম পূরণ করে যথাযথ পদ্ধতি অনুসরণপূর্বক সংশ্লিষ্ট কর্তৃপক্ষের মাধ্যমে পুনরায় আবেদন দাখিলের জন্য অনুরোধ জানানো হয়েছে যা এতদসঙ্গে নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে।

(জুবাইদা নাসরীন)
উপসচিব

ফোনঃ ৯৫৭৫৫৬৮

Email-igzp@lgd.gov.bd

প্রধান নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ, বিনাইদহ।

অনুলিপি-জ্ঞাতার্থে/কার্যার্থে :

- ১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় (দৃঃআঃ-উপসচিব, কল্যাণ শাখা), বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। প্রশাসক, জেলা পরিষদ, বিনাইদহ।
- ৩। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।